

## দেশে কারিগরি শিক্ষার্থীর সংখ্যা ১৪ শতাংশে উন্নীত

স্টাফ রিপোর্টার ॥ বর্তমান সরকারের দুই মেয়াদে দেশের কারিগরি শিক্ষার বিস্তার ঘটেছে ব্যাপক। ১০ বছর আগে যেখানে দেশে মোট শিক্ষার্থীর মধ্যে কারিগরি শিক্ষার্থী ছিল মাত্র এক শতাংশ, সেখানে আজ কারিগরি শিক্ষার্থীর সংখ্যা দাঁড়িয়েছে ১৪ শতাংশে। দেশের উন্নয়নে কারিগরি শিক্ষার উন্নয়নের কোন বিকল্প নেই। তবে কারিগরি শিক্ষার মাধ্যমে দক্ষ, আধুনিক ও যোগ্য জনবল তৈরিতে শিক্ষা প্রতিষ্ঠান ও ইন্ডাস্ট্রিজের মধ্যে সম্পর্ক তৈরি বড় বেশি জরুরী।

রাজধানীতে মঙ্গলবার কারিগরি শিক্ষার্থীদের চাকরির সুযোগ নিয়ে আয়োজিত ‘প্লেসমেন্ট কনফারেন্স-২০১৮’ এ বক্তারা এ অভিমত ব্যক্ত করেছেন। সরকারের ‘স্টেপ’ প্রকল্প ও শ্যামলী আইডিয়াল পলিটেকনিক ইনস্টিটিউট আয়োজিত ব্যতিক্রমী এ সম্মেলনে অংশ নেন দেশের অর্ধশত ইন্ডাস্ট্রিয়ালিস্ট। শ্যামলী আইডিয়াল পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ ও বাংলাদেশ কারিগরি শিক্ষক সমিতি ফেডারেশনের প্রেসিডেন্ট এমএ সান্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা বিভাগের প্রতিমন্ত্রী কাজী কেরামত আলী। রাজধানীর একটি কমিউনিটি সেন্টারে আয়োজিত ব্যতিক্রমী এ সম্মেলনেই অর্ধশতাধিক ইন্ডাস্ট্রির সঙ্গে শ্যামলী আইডিয়াল পলিটেকনিক ইনস্টিটিউটের চুক্তি স্বাক্ষর হয়। চুক্তির অংশ হিসেবে অনুষ্ঠানেই চাকরির জন্য নির্বাচিত হয় বেশ কিছু কারিগরি শিক্ষার্থী। অনেকে পান পাটটাইম চাকরির সুযোগ। চুক্তির অংশ হিসেবে প্রতিষ্ঠানটির পাস করা শিক্ষার্থীদের এখন থেকে চাকরির সুযোগ দেয়া ছাড়াও ইন্ডাস্ট্রি ভিজিট, ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ও অন্যান্য সহযোগিতা করবেন ইন্ডাস্ট্রিয়ালিস্টরা।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও কারিগরি শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মোঃ মোস্তাফিজুর রহমান, স্টেপ প্রকল্পের পরিচালক এবিএম আজাদ।

**সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।**

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়।  
সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
ই-মেইল: janakanthanews@gmail.com  
ই-জনকণ্ঠ: [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

Copyright © All rights reserved by dailyjanakantha.com